

## লালমাটিয়া মহিলা কলেজ


লালমাটিয়া, ঢাকা-১২০৭

### বিজ্ঞপ্তি

তারিখ : ০৭/০২/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষকমন্ডলী, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/০২/২০২১ খ্রি: তারিখ বিকেল ৪.০০ টায় 'মুজিববর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথম ভাইস-চ্যান্সেলর'স এওয়ার্ড প্রদান ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠান' অনলাইনে জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। ভাইস চ্যান্সেলর'স এওয়ার্ড প্রাপ্ত সারাদেশে ৩০ জন শিক্ষার্থীদের মধ্যে লালমাটিয়া মহিলা কলেজের ২ জন যথাক্রমে ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের মোসাঃ মৌসুমী আক্তার এবং গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের নাওসাবা বুলিয়া। জুম এর মাধ্যমে অনুষ্ঠিত এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ, শিক্ষা সচিব মো. মাহবুব হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ।

উক্ত অনুষ্ঠানে লালমাটিয়া মহিলা কলেজের এওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থী, তাদের পিতা/মাতা/স্বামী ও সকল বিষয়ের শিক্ষকমন্ডলী সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি মেনে কলেজের অডিটরিয়ামে যথাসময়ে উপস্থিত হয়ে অংশ গ্রহণ করতে পারবেন। তবে বিগত ৩০ দিনের মধ্যে নিজে কিংবা পরিবারের কোন সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হলে তাঁকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত না থাকার জন্য অনুরোধ করা হলো। একই নিয়মে এরূপ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১১ ফেব্রুয়ারি তারিখের সভায় উপস্থিত না থাকার জন্য অনুরোধ করা হলো। যারা উপস্থিত থাকবেন তাদেরকে অবশ্যই সরকারি নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
অধ্যক্ষ  
লালমাটিয়া মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭